



লক্ষ্মীর ভাণ্ডার

নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

প্রকল্পটি কী:

এটি এই রাজ্যের প্রতিটি পরিবারের প্রাপ্তবয়স্ক মহিলা সদস্যদের জন্য ন্যূনতম মাসিক আর্থিক সহায়তা প্রদান প্রকল্প।

কারা এই সুবিধা পাবেন:

২৫ থেকে ৬০ বছর বয়সি, এই রাজ্যের যে কোনও পরিবারের মহিলা সদস্য, কোনও সরকারি/সরকারি নিয়ন্ত্রণাধীন সংস্থা/বিধিবদ্ধ সংস্থা/পঞ্চায়েত/পৌরনিগম/পৌরসভা/স্থানীয় স্বশাসিত সংস্থা/সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতিতে নিয়মিত কোনও চাকুরি থেকে মাসিক উপার্জন করেন না - এইরূপ প্রত্যেক তপশিলি জাতি/আদিবাসী জনজাতি পরিবারের মহিলা মাসিক ১০০০ টাকা এবং তপশিলি জাতি/আদিবাসী জনজাতি পরিবার ভিন্ন অন্য পরিবারের মহিলা সদস্য মাসিক ৫০০ টাকা সহায়তা পাবেন।

কী কী নথি লাগবে:

- ১। স্বাস্থ্যসার্থী কার্ড-এর স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ২। আধার কার্ড-এর স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ৩। তপশিলি জাতি/আদিবাসী জনজাতি শংসাপত্র-এর স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ৪। আবেদনকারীর ব্যাঙ্কের পাশবইয়ে অ্যাকাউন্ট নম্বর, ব্যাঙ্কের ঠিকানা, আই এফ এস কোড এবং এম আই সি আর কোড সহ অন্যান্য দরকারি তথ্য সম্বলিত পৃষ্ঠার স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ৫। আবেদনকারীর পাসপোর্ট মাপের রঙিন ফটো।

যথাযথভাবে স্বাক্ষরকরা আবেদনকারীর নিম্নলিখিত ঘোষণাপত্র:

- ক) তিনি পশ্চিমবঙ্গের অধিবাসী।
- খ) তিনি কোনও সরকারি/সরকারি নিয়ন্ত্রণাধীন সংস্থা/বিধিবদ্ধ সংস্থা/পৌরসভা/স্থানীয় স্বশাসিত সংস্থা/সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতিতে নিয়মিত কোনও চাকুরি থেকে মাসিক উপার্জন করেন না।
- গ) আবেদনপত্রে দাখিল করা সকল তথ্য সত্য।

যোগাযোগ: দুয়ারে সরকার ক্যাম্প

বিশদ জানার জন্য: www.wbcdwds.gov.in ওয়েবসাইট দেখুন।

পশ্চিমবঙ্গ সরকার